# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩২৯

৩৩/ শাস্তির বিধান (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৮. অপরাধীর অপরাধ স্বীকার সম্পর্কে।

باب فِي التَّلْقِينِ فِي الْحَدِّ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ، عَنْ أَبِي الْمُنْذِرِ، مَوْلَى أَبِي ذَرٍّ عَنْ أَبِي أُمَيَّةَ الْمَخْزُومِيِّ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم أُتِيَ بِلِصٍّ قَدِ اعْتَرَفَ اعْتِرَافًا وَلَمْ يُوجَدْ مَعَهُ مَتَاعٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَا إِخَالُكَ سَرَقْتَ " . قَالَ بَلَى . فَأَعَادَ عَلَيْهِ مَرَّتَيْنِ أَوْ ثَلاَثًا فَأَمَرَ بِهِ فَقُطِعَ وَجِيءَ بِهِ فَقَالَ " اسْتَغْفِرِ اللَّهَ وَتُبْ إِلَيْهِ " . فَقَالَ أَسْتَغْفِرُ اللَّهَ وَأَتُوبُ إِلَيْهِ فَقَالَ " اللَّهُمَّ تُبْ عَلَيْهِ " . ثَلاَثًا . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ عَمْرُو بْنُ عَاصِمٍ عَنْ هَمَّامٍ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ عَنْ أَبِي أُمَيَّةَ رَجُلٍ مِنَ الأَنْصَارِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

৪৩২৯. মূসা ইবন ইসমাঈল (রহঃ) .... আবূ উমাইয়্যা মাখযূমী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট একজন চোরকে উপস্থিত করা হয়, যে চুরির কথা স্বীকার করে। কিন্তু তার কাছে চোরাই মাল পাওয়া যায়নি। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমার মনে হয় তুমি চুরি করনি। তখন সে ব্যক্তি বলেঃ হ্যাঁ, আমি চুরি করেছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই বা তিনবার এরূপ বলেনঃ এবং সে ব্যক্তিও চুরির কথা স্বীকার করে।

তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার হাত কাটার নির্দেশ দেন এবং তা কার্যকরী হয়। এরপর তাকে নরী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত করা হলে, তিনি বলেনঃ তুমি তোমার অপরাধের জন্য আল্লাহর নিকট তাওবা কর এবং ক্ষমা চাও। তখন সে ব্যক্তি বলেঃ আমি এ জন্য আল্লাহর নিকট তাওবা ও ইস্তিগফার করছি। তখন নরী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিনবার এরূপ বলেনঃ ইয়া আল্লাহ! আপনি এ ব্যক্তির তাওবা কবূল করুন।

## English

Narrated AbuUmayyah al-Makhzumi:

A thief who had accepted (having committed theft) was brought to the Prophet (ﷺ), but no good were found with him. The Messenger of Allah (ﷺ), said to him: I do not think you have stolen. He said: Yes, I have. He repeated it twice or thrice. So he gave orders. His hand was cut off and he was then brought to him. He said: Ask Allah's pardon and turn to Him in repentance. He said: I ask Allah's pardon and turn to Him in repentance. He (the Prophet) then said: O Allah, accept his repentance.

Abu Dawud said: It has been transmitted by 'Amr b. Asim, from Hammam, from Ishaq b. 'Abd Allah from Abu Ummayyah, a man of the Ansar from the Prophet (ﷺ).

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ উমায়য়া মাখযূমী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36435

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন